গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০০১.২৬.৪৮ তারিখ: ২৩ পৌষ ১৪৩২ ব. / ০৭ জানুয়ারি ২০২৬ খ্রি.

বিষয় : আপনার প্রতিষ্ঠানে কর্মরত প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানসহ এমপিওভুক্ত সকল শিক্ষকের তথ্য (সংযুক্ত ছক মোতাবেক), এমপিওভুক্ত শূন্য পদের তথ্য (সংযুক্ত ছক মোতাবেক), সত্যায়িত নিবন্ধন প্রত্যয়নপত্র এবং নভেম্বর ২০২৫ এর এমপিও শীট এনটিআরসিএ কার্যালয়ে প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে তাঁর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন প্রচার মাধ্যমে এনটিআরসিএ এর জাল সনদের খবর এ কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। সেপ্রেক্ষিতে জাল নিবন্ধন সনদ শনাক্তকরণের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানে **এমপিওভুক্ত** পদে কর্মরত নিবন্ধনধারী শিক্ষকদের নিবন্ধন সনদসমূহ যাচাই করা প্রয়োজন।

০২। আপনার প্রতিষ্ঠানে কর্মরত **(ক) প্রতিষ্ঠান প্রধান ও সহ: প্রধানসহ এমপিওভুক্ত সকল শিক্ষকদের তথ্য (সংযুক্ত ছক-ঙ মোতাবেক); (খ) এমপিওভুক্ত শূন্য পদের তথ্য (সংযুক্ত ছক-চ মোতাবেক) (গ) প্রতিষ্ঠানের নভেম্বর ২০২৫ এর এমপিও শীট এবং (ঘ) এমপিও পদে কর্মরত নিবন্ধনধারী সকল শিক্ষকদের নিবন্ধন সনদসমূহের রঙিণ/স্পষ্ট ফটোকপি** সত্যায়িত করে প্রতিষ্ঠানের সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত অগ্রায়ণপত্রসহ **নিম্নোক্ত ঠিকানায়** ডাকযোগে/কুরিয়ার/বাহকের মাধ্যমে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। চাহিত তথ্যাদি ও কাগজপত্রাদি প্রেরণে কোন ধরণের ব্যত্যয় (তথ্য গোপন করা/সনদপত্র টেম্পারিং করা/তথ্য প্রদানে বিরত থাকা ইত্যাদি) হলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে এবং বিষয়টি সংশ্লিষ্ট অধিদপ্তর ও শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

**ঠিকানা:**
চেয়ারম্যান
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

০৭.০১.২৬
(মুহম্মদ নূরে আলম সিদ্দিকী)
সদস্য (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

________________
________________
________________
________________
________________

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০০১.২৬.৪৮/১(৮) তারিখ: ২৩ পৌষ ১৪৩২ ব. / ০৭ জানুয়ারি ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
৪। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি যথাযথভাবে ও যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধ করা হলো)।
৭। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সংশ্লিষ্ট নথি।

(মুহম্মদ নূরে আলম সিদ্দিকী)
সদস্য (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

(সংযুক্তি)

# তথ্য যাচাইয়ের ছক

**EIIN নম্বর:**

## শিক্ষা প্রতিষ্ঠানের নাম:

(ক) শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা:

(খ) শিক্ষক সংক্রান্ত তথ্য: (i) এমপিওভুক্ত পদের সংখ্যা:.................. (ii) এমপিওভুক্ত পদে কর্মরত শিক্ষকের সংখ্যা:................. (iii) এমপিওভুক্ত শূন্য পদের সংখ্যা (i-ii):.................

(গ) NTRCA এ সনদধারী নিয়োগকৃত শিক্ষকের সংখ্যাঃ

(ঘ) ছাত্র/ছাত্রীর সংখ্যা: (i) ছাত্র..................(ii) ছাত্রী............................. (iii) মোট (i+ii) ....................................

(ঙ) জনবল সম্পর্কিত তথ্যাদি:

| ক্র.নং | প্রতিষ্ঠান প্রধান ও সহ: প্রধানসহ কর্মরত সকল এমপিওভুক্ত শিক্ষকের নাম | পদের নাম ও বিষয় | জন্ম তারিখ | ইনডেক্স নম্বর | NTRCA কর্তৃক সুপারিশকৃত কি না। (হ্যাঁ/না) | NTRCA এর নিবন্ধনের | | শিক্ষক নিবন্ধন সনদের | | যোগদানের তারিখ | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | রোল | রেজি | সাল | ব্যাচ | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| ১। | | | | | | | | | | | | |
| ২। | | | | | | | | | | | | |

(চ) এমপিওভুক্ত শূন্য পদ সংক্রান্ত তথ্যাদি:

| ক্র.নং | শূন্য পদের নাম (প্রতিষ্ঠান প্রধান ও সহ: প্রধানসহ কর্মরত সকল এমপিওভুক্ত শিক্ষকের) | বিষয় | পদটি শূন্য হওয়ার তারিখ | প্রদত্ত সর্বশেষ e-requisition এর ID নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | | | | |
| ২। | | | | |

সংযুক্তি:

১। শিক্ষক নিবন্ধন প্রত্যয়নের রঙিণ/স্পষ্ট অনুলিপি (গ এ উল্লেখিত শিক্ষকের জন্য): _________ পাতা;

২। এনটিআরসিএ কর্তৃক সুপারিশপত্রের অনুলিপি (গ এ উল্লেখিত শিক্ষকের জন্য: প্রযোজ্য ক্ষেত্রে) : _________ পাতা;

৩। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের অনুলিপি: _________ পাতা;

৪। শিক্ষক কর্তৃক যোগদানপত্রের অনুলিপি: _________ পাতা;

৫। সর্বশেষ e-requisition কপি: _________ পাতা;

৬। প্রতিষ্ঠানের নভেম্বর ২০২৫ এর এমপিও শীটের অনুলিপি: _________ পাতা;

সর্বমোট: _________ পাতা।

**উপরোক্ত তথ্যাদি ও সংযুক্ত দলিলপত্র যথাযথভাবে যাচাইঅন্তে সঠিক মর্মে প্রত্যয়ন করা হলো।**

সভাপতির স্বাক্ষর ও তারিখ-
সভাপতির নাম-
মোবাইল নম্বর-

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ
প্রতিষ্ঠান প্রধানের নাম ও পদবী
সিল

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড়, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.২৬.০০১ (অংশ-২).২৫-০২ তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ১। এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে শূন্যপদ থাকার পরও চাহিদা না দেয়া প্রসঙ্গে ২। শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বে-আইনভাবে শিক্ষক নিবন্ধন সনদ বিহীন শিক্ষক নিয়োগ প্রদান করা প্রসঙ্গে।

উপর্যুক্ত ১নং বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫ জানুয়ারি ২০২৪ সালের পরিপত্র অনুযায়ী দেশের সকল বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এমপিওভুক্ত শূন্যপদ পূরণের জন্য এনটিআরসিএ-তে ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করে, ই-রিকুইজিশন (চাহিদা) প্রদান করার বাধ্যবাধকতা রয়েছে। কোন শিক্ষাপ্রতিষ্ঠানে এমপিওভুক্ত শূন্য পদ থাকলে, অবশ্যই চাহিদা প্রদান করবে। উক্ত চাহিদা অনুযায়ী এনটিআরসিএ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগের জন্য শিক্ষক সুপারিশ করবেন।

২। ২নং বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) আইন ২০০৫ এর ১ নং আইনের ১০ অনুচ্ছেদে-

**"(১) কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন করিবে।**

**(২) উপ-ধারা (১) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত শিক্ষকদের তালিকায় অন্তর্ভুক্ত, নিবন্ধিত ও প্রত্যয়নকৃত না হইলে কোন ব্যক্তি কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না"**

৩। সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী **"বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-প্রদর্শককে প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে এনটিআরসিএ-এর নিবন্ধনধারী ও সুপারিশপ্রাপ্ত হতে হবে"**।

৪। উপরোক্ত আইন, নীতিমালা ও পরিপত্রের ব্যত্যয় ঘটিয়ে কোন প্রতিষ্ঠান প্রধান চাহিদা প্রদান না করলে বা বে-আইনীভাবে কোন শিক্ষক নিয়োগ প্রদান করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে।

01/01/2026

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪.

শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/সভাপতি,
গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.২৬.০০১ (অংশ-২).২৫-০২ তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. জেলা শিক্ষা অফিসার (সকল);
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৬. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অফিস কপি।

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।